

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৫৩

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (حتاب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - 'আক্রীকার বর্ণনা

আরবী

বাংলা

8১৫৩-[৫] হাসান বাসরী (রহিমাহুল্লাহ) সামুরাহ্ ইবনু জুনদুব হতে বর্ণনা করেন। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ শিশু 'আক্বীকার সাথে জড়িত থাকে। জন্মের সপ্তম দিন তার পক্ষ হতে পশু যাবাহ করবে এবং তার নাম রাখবে, তার মাথা মুড়াবে। (আহমাদ, তিরমিযী)[1]

তবে আবৃ দাউদ ও নাসায়ী'র রিওয়ায়াত مُرْتَهِنٌ "মুরতাহানুন"-এর পরিবর্তে رَهِينَةٌ "রহীনাতুন" উল্লেখ রয়েছে। আর আহমাদ ও আবৃ দাউদ-এর রিওয়ায়াতে يُسُمِّى "ইউসাম্মা-" (নাম রাখবে)-এর স্থলে يُدُمٰى "ইউদ্মা-" বর্ণিত হয়েছে। কিন্তু আবৃ দাউদ বলেনঃ يُسَمِّى "ইউসাম্মা-" শব্দটি অধিক সহীহ।

ফুটনোট

[1] সহীহ : সহীহ আল জামি' ৪১৮৪।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ উল্লেখিত হাদীসে এ মর্মে দলীল রয়েছে যে, নবজাতকের 'আকীকাহ্ সপ্তম দিনেই করতে হবে, এর আগে কিংবা পরে কোনটাই শারী আতসম্মত নয়। তবে কোন কোন 'উলামা বলেন যে, দ্বিতীয় সপ্তম কিংবা তৃতীয় সপ্তম দিনে দিলেও যথেষ্ট হবে। বায়হাকীতে 'আবদুল্লাহ ইবনু বুরয়দাহ্ কর্তৃক তার বাবা থেকে বর্ণিত রয়েছে, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, 'আকীকাহ্ যাবাহ করতে হবে সপ্তম দিনে, ১৪ দিনে এবং ২১ দিনে।



সুবুলুস্ সালামে তা উল্লেখ রয়েছে।

ইমাম তিরমিয়ী (রহিমাহুল্লাহ) বিদ্বানগণ থেকে বর্ণনা করেছেন যে, বিদ্বানগণ বলেছেনঃ সপ্তম দিনে 'আক্বীকাহ্ করাটা মুস্তাহাব। সপ্তম দিনে সম্ভব না হলে ১৪ দিনে দেয়া যাবে। ('আওনুল মা'বূদ ৫ম খন্ড, হাঃ ২৮৩৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ হাসান বাসরী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন